

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৫০.০২৭.০২.০০.০২৯.২০১০- ৩০৭৬

তারিখ : ২১.০৬.২০১১

বিষয় : সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) ধারা অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ জসীম উদ্দিন আহমদ (৪১২১১) জুনিয়র কনসালটেন্ট (চক্ষু), জেলা সদর হাসপাতাল, কক্সবাজার-কে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ এর ৩ (বি) ধারায় বর্ণিত ছুটি বাতিল কর্ম হতে অনুপস্থিতির অপরাধে অভিযুক্ত করে মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৫.১৫০.০২৭.০২.০০.০২৯.২০১০-৯৯২ তারিখ : ১২.১০.২০১০ মূলে বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারায় ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় ; এবং

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশটি ২৯.০৩.২০১১ তারিখে 'দৈনিক ইত্তেফাক' ও ০১.০৪.২০১১ তারিখে 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় প্রকাশিত হয় ; এবং

যেহেতু, আপনি উক্ত নোটিশের কোন জবাব দাখিল করেননি এবং প্রাপ্ত কাগজপত্র ও নথি পর্যালোচনাতে আপনাকে উল্লেখিত অধ্যাদেশের ৩ (বি) ধারায় অপরাধে দোষী সাব্যস্ত করা হয়েছে ;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, এর ৪ (এ) ধারা মোতাবেক সরকারি চাকরি হতে কেন বরখাস্ত করা হবে না-এ নোটিশ জারির/প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

  
(এ. কে. এম. আমির হোসেন)  
অতিরিক্ত সচিব


ডাঃ জসীম উদ্দিন আহমদ (৪১২১১)  
জুনিয়র কনসালটেন্ট (চক্ষু)  
জেলা সদর হাসপাতাল, কক্সবাজার  
(স্থায়ী ঠিকানা- পিতা- মরহুম শরিফ আহমেদ, কর্ণফুলী ইপিজেড গেইট, ডাকঘর-পতেঙ্গা-৪২০৪, চট্টগ্রাম)

নং- ৪৫.১৫০.০২৭.০২.০০.০২৯.২০১০- ৩০৭৬ / ৩ (৫)

তারিখ : ২১.০৬.২০১১

অনুলিপি : সদর অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। সিভিল সার্জন, কক্সবাজার (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৪। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

  
(মোঃ সাহিদুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৭১৭২২৫২  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)